

সূচনাঃ

ডিজিটাল বাংলাদেশ গড়ার কার্যক্রমকে সামনের দিকে এগিয়ে নেওয়া এবং আগামী দিনের সূর্যকে স্পর্শ করার লক্ষ্যে বিআইডব্লিউটিসি বিভিন্ন ধরনের কর্মকাণ্ড হাতে নিয়েছে। তারই অংশ হিসাবে বিআইডব্লিউটিসি'র দীর্ঘদিনের লালিত স্বপ্ন “ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম” নিজস্ব প্রচেষ্টায় বাস্তবায়নের জন্য কর্তৃপক্ষ সিদ্ধান্তে উপনিত হন। ফলশ্রুতিতে, বিআইডব্লিউটিসি'র স্টোরসমূহ ডিজিটলাইজড করার লক্ষ্যে কর্তৃপক্ষের ঐকান্তিক সহযোগিতা ও নির্দেশনায় উদ্ভুদ্ধ হয়ে সংস্থার সিস্টেম এনালিস্টের নেতৃত্বে কম্পিউটার সেকশন, হিসাব বিভাগের সহকর্মীদের নিজস্ব উদ্যোগে সৃষ্টি হয় “ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম”। যা বিআইডব্লিউটিসি'র ডিজিটলাইজেশনের পথে এগিয়ে যাবার মাইলফলক হিসাবে বিবেচিত হবে।

সফটওয়্যারের কার্যকারিতাঃ

১. সফটওয়্যারটি লুব্রিক্যান্ট তেল হতে শুরু করে জেনারেল পার্টস ও খুচরা যন্ত্রাংশের তথ্যাদি কেন্দ্রীয় ডাটাবেসে সন্নিবেশিত করবে। যাতে তৎক্ষণাৎ আকাঙ্ক্ষিত প্রতিবেদন তৈরি করা সম্ভব হয়।
২. পণ্য/যন্ত্রাংশের ক্রয়ের বিবরণ ডাটাবেসে সংরক্ষিত করা হবে, ফলে বিভিন্ন সময়ে ক্রয়কৃত মালামালের তুলনামূলক ক্রয় মূল্যের তথ্যাদি সহ মজুদের পরিমাণ জানা যাবে।
৩. কোন নির্দিষ্ট পণ্য/যন্ত্রাংশের ক্রয়/কোথাও ব্যবহারের পূর্বে সফটওয়্যারে চেক করে নেওয়া যাবে। যাতে অপ্রয়োজনীয়ভাবে পণ্যের ক্রয়/ব্যবহার রোধ করা যায়।
৪. কোন পণ্য/যন্ত্রাংশ কোথায়, কখন এবং কতো পরিমাণে ব্যবহারিত হয়েছে অথবা কোন ব্যবহারকারী কি কি পণ্য/যন্ত্রাংশ ব্যবহার করেছে তার হিসাব পাওয়া যাবে।
৫. সফটওয়্যারটি ব্যবহার করে কোন পণ্য/যন্ত্রাংশের বিস্তারিত তথ্য যেমনঃ user information of a product, detail report of a product, summary report of a product, summary report of all products, store wise/product wise summary report, date wise summary report etc. এবং data entry (insert, update and delete) for receiving and issuing of products. ইত্যাদি সম্পাদন করা যাবে।
৬. সিস্টেমটি অনলাইন ভিত্তিক হওয়াই প্রত্যেক ব্যবহারকারী ইন্টারনেট ব্যবহার করে যে কোন জায়গা থেকে যে কোন সময়ে কাজ করতে পারবে।
৭. প্রয়োজনে সফটওয়্যারের কার্যকারিতা আপডেট/পরিবর্তন করা হবে।
৮. প্রয়োজনে মন্ত্রণালয়, সফটওয়্যারটি ব্যবহার করে বিআইডব্লিউটিসি এর স্টোরের বর্তমান/পূর্বের অবস্থা দেখতে পারবে।

চেয়ারম্যান

বিআইডব্লিউটিসি, ঢাকা-১০০০

তারিখঃ ০১-১০-২০১৯